



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

FMD

নং- বিএসইসি/ ফিন্যান্সিয়াল লিটারেন্সি /২০১৭/১.১/২৩
তারিখঃ ২৬ জানুয়ারী, ২০১৭ ইং

Please consult
publications on our
Website.

বিষয়ঃ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের আওতায় পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত কিছু গণসচেতনতামূলক পরামর্শ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত কিছু গণসচেতনতামূলক পরামর্শ টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত), যা বিনিয়োগকারীদের বিনিয়োগ সংক্রান্ত কিছু গণসচেতনতার স্বার্থে আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে এবং আপনার নিয়ন্ত্রনাধীন / সদস্য প্রতিষ্ঠান সমূহের (ব্রোকারসমূহ / মার্চেন্ট ব্যাংকসমূহ/ তালিকাভূক্ত কোম্পানিসমূহ) ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

২৫.০১.১৭

মুহাম্মদ আল মাসুম মৃধা
উপ-পরিচালক (ফিন্যান্সিয়াল লিটারেন্সি বিভাগ)

সংযুক্তি: ২ (দুই) পাতা


বিতরনঃ

- ✓ ১। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড।
- ৩। সভাপতি, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন।
- ৪। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ।

অনুলিপিঃ

ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়, বাংলাদেশ এসইসি।

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম



বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

পুঁজিবাজারে বিনিয়োগ ঝুঁকিপূর্ণ। বিনিয়োগের ক্ষেত্রে অন্যান্যের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে জেনে-বুঝে দীর্ঘমেয়াদী পরিকল্পনা করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করুন:

মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানীর সিকিউরিটি বিনিয়োগ করুন: মৌল ভিত্তি সম্পন্ন কোম্পানী যাচাইয়ের জন্য নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনায় রাখুন:

- প্রাতিষ্ঠানিক সুশাসন
- সম্পদের পরিমাণ এবং তার যথাযথ ব্যবহার
- নিয়মিত লভ্যাংশ প্রদান এবং লভ্যাংশের হার
- নিয়মিত বার্ষিক সাধারণ সভা করা এবং শেয়ার হোল্ডারদের মতামতের গুরুত্ব প্রদান
- মুনাফা, শেয়ার প্রতি আয়, শেয়ার প্রতি নীট সম্পদের পরিমাণ ও উহাদের ধনাত্মক প্রবৃদ্ধি
- সঠিক সময়ে সকল মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ
- সিকিউরিটি সংক্রান্ত সকল আইন-কানুন, বিধি-বিধান পরিপালন করে কোম্পানী পরিচালনা।

বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য বিচেষ্য বিষয়সমূহ:

- বিগত সময়ে মূল্য উঠানামা পর্যালোচনা
- বাজার, সেক্টর ও সিকিউরিটি জের মূল্য/আয় অনুপাত পর্যালোচনা
- বিনিয়োগের ক্ষেত্রে স্বল্পমেয়াদ, মধ্যমেয়াদ এবং দীর্ঘমেয়াদে পুঁজি বন্টনের মাধ্যমে পরিকল্পনা
- বিভিন্ন সেক্টর এবং ধরনের সিকিউরিটি বিনিয়োগের মাধ্যমে পোর্টফোলিও গঠন করে বিনিয়োগের ঝুঁকি ব্যবস্থাপনা
- বিনিয়োগ সংক্রান্ত বিধি-বিধান এবং লেনদেন সংক্রান্ত নিয়ম-কানুন মেনে চলা

বিনিয়োগকারীদের জন্য করণীয়:

- আশাত্তিরিক্ত লাভজনক বিনিয়োগ প্রলোভন থেকে সাবধান থাকুন
- আয়-ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে ব্যক্তিগত বাজেট ও আর্থিক পরিকল্পনা করুন
- বিভিন্ন বিনিয়োগ পণ্য ও খাতের ঝুঁকি সম্পর্কে জানুন

- সংগ্রহ থেকে কোন সিকিউরিটিজ বা খাতে কত বিনিয়োগ করবেন সে সম্পর্কে সিদ্ধান্ত নিন
- পর্যাপ্ত বিচার-বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত নিন
- আপনার হিসাবে রক্ষিত সিকিউরিটিজ ও অর্থের বিষয়ে সচেতন থাকুন
- বিনিয়োগ সংক্রান্ত আইন-কানুন সম্পর্কে অবগত হয়ে বিধি-নিয়েধ মেনে চলুন
- পুঁজিবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কোম্পানীর আর্থিক অবস্থার গতিময়তা, ব্যবস্থাপনা এবং অন্যান্য বিষয়ে ধারণা নিন
- বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান সম্পর্কে খোজ-খবর নিয়ে বিনিয়োগ হিসাব খুলুন
- বিনিয়োগ সিদ্ধান্ত আপনি নিজে নিন, প্রয়োজনে পেশাদার বিনিয়োগ বিশ্লেষকের সহায়তা নিন
- আপনার আর্থিক পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ধরনের বিনিয়োগের মেয়াদ নির্ধারণ করুন
- ঋণ গ্রহণের পূর্বে আপনার ঋণ পরিশোধের সঙ্গতি এবং ঋণের শর্তসমূহ বিবেচনা করে সিদ্ধান্ত নিন
- আপনার কোন অভিযোগ থাকলে স্টক এক্সচেঞ্জ বা কমিশনকে অবহিত করুন
- সময়মত বিনিয়োগ এবং বিক্রয় সিদ্ধান্ত গ্রহণ করুন

বিনিয়োগকারীদের জন্য বজ্জীয়:

- সংগ্রহের পুরোটা একই খাতে বিনিয়োগ নয়
- আপনার সংগতির অতিরিক্ত ঋণ গ্রহণ নয়
- কারো দ্বারা প্ররোচিত হয়ে বিনিয়োগ নয়
- গুজবের ভিত্তিতে বিনিয়োগ নয়
- বিনিয়োগ মানে নিশ্চিত লাভ- এই ধারণায় বিনিয়োগ নয়
- অনিশ্চিত তথ্য বা চটকদার বিজ্ঞাপনে আকৃষ্ট হয়ে বিনিয়োগ নয়
- অযৌক্তিক অতিরিক্ত দরে বিনিয়োগ নয়
- প্রত্যেকটি বিনিয়োগে ক্ষতির ঝুঁকি রয়েছে, ঝুঁকি বিশ্লেষণ না করে বিনিয়োগ নয়
- জ্ঞাতসারে বে-আইনী বা অননুমোদিত কোন খাতে বিনিয়োগ নয়
- অপ্রাতিষ্ঠানিক খাতে বিনিয়োগ নয়
- না বুঝে কোন কাগজে স্বাক্ষর নয়
- অনুমোদনহীন দলিল বা ফরম এ স্বাক্ষর নয়
- প্রয়োজনীয় অনুমোদন ব্যতীত ইস্যুক্ত কোন সিকিউরিটিজ বা চুক্তিপত্রে আয়ের হার অনেক বেশী ও কম ঝুঁকিপূর্ণ বলে প্রতিশ্রুতি দিলেও বিনিয়োগ নয়

বিস্তারিত জানতে লগ-ইন-করুন: www.financialliteracybd.com